

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৯৭

৮/ জানাযা (খুড্রি الله আদু الجنائز عن رسول الله

পরিচ্ছেদঃ ২০. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কি পরিমাণ কাপড় দিয়ে কাফন দেয়া হয়েছিল?

باب مَا جَاءَ فِي كَفَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم

## আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَر، حَدَّثَنَا بِشْرُ بْنُ السَّرِيّ، عَنْ زَائِدَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّد بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَفَّنَ حَمْزَةَ بْنَ عَبْدِ اللَّهِ بْنَ عَبْدِ اللَّهِ بْنَ عَبْدِ اللَّهِ بْنَ عَبْدِ اللَّهِ بْنَ عَمْرَ فَي نَمْرَةٍ فِي تَوْبٍ وَاحِدٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيّ وَابْنِ عَبَّاسٍ وَعَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلُ وَابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويَ فِي مُغَفَّلُ وَابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَديثُ عَائِشَةَ أَصَحَ لَلهِ عَليه وسلم روايَاتٌ مُخْتَلِفَةٌ وَحَديثُ عَائِشَةَ أَصَحَ لَلاَ عَليه وسلم رأويَاتٌ مُخْتَلِفَةٌ وَحَديثُ عَائِشَةَ عَنْدَ أَكْثَر أَهْلِ رُويَتُ فِي كَفَنِ النَّبِيّ صلى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى حَديثِ عَائِشَةَ عِنْدَ أَكْثَر أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى حَديثِ عَائِشَة عِنْدَ أَكْثَر أَهْلِ الْعُلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ . قَالَ سُفْيَانُ الثَّوْرِيُّ يُكَفَّنُ الرَّجُلُ فِي ثَلَاثِ أَثُورَابٍ إِنْ شِئْتَ فِي قَمْيصٍ وَلِفَافَتَيْنِ وَإِنْ شِئْتَ فِي ثَلاثِ لَقَائِفَ لَلْكُ لَلْتُ لَوْنَ لَوْ اللَّوْرِيُّ يُوبُ وَاحِدٌ إِنْ لَمْ يَجِدُوا تَوْبَيْنِ وَالثَّوْبَانِ يُجْزِيَانِ وَالنَّلَاثَةُ لِمَنْ وَجَدَهَا أَحَبُ وَيُكُونَ وَالْوَا تُكَفِّنُ الْمَوْلَةُ فِي خَمْسَةِ أَثُوابٍ .

## বাংলা

৯৯৭। জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত আছে, শুধুমাত্র একটি পশমী চাদর দ্বারা হামযা ইবনু আবদুল মুত্তালিব (রাঃ)-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাফন দিয়েছিলেন।

– হাসান, আল-আহকাম (৫৯,৬০)

আলী, ইবনু আব্বাস, আবদুল্লাহ ইবনু মুগাফফাল ও ইবনু উমার (রাঃ) হতেও এই অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আইশা (রাঃ) হতে বর্ণিত হাদীসটিকে আবু ঈসা হাসান সহীহ বলেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাফনের প্রসঙ্গে বিভিন্ন রকম হাদীস আছে। আইশা (রাঃ)-এর হাদীস তন্মধ্যে সবচাইতে সহীহ।



এই হাদীস অনুযায়ী ও অপরাপর আলিমগণ আমল করেছেন। সুফিয়ান সাওরী বলেন, পুরুষদেরকে তিনটি কাপড়ে কাফন দেওয়া হবে- দু'টি চাদর ও একটি জামা বা তিনটি চাদরেই কাফন দেওয়া যায়। দু'টো কাপড় না পাওয়া গেলে একটিতেই যথেষ্ট হবে। আর তিনটি না পাওয়া গেলে দুটিই যথেষ্ট। তিনটি পাওয়া গেলে তা বেশি উত্তম। এই অভিমত ইমাম শাফিঈ, আহমাদ ও ইসহাক (রাহঃ)-এর। তারা বলেন, মহিলাদেরকে পাঁচটি কাপড়ে কাফন দেওয়া হবে।

## **English**

Jabir bin Abdullah narrated:

"The Messenger of Allah shrouded Hamzah bin Abdul-Muttalib in one cloth of Namirah."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন